**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**
**শিক্ষা মন্ত্রণালয়**
**শাখা-১ (প্রশাসন ও অর্থ)**
www.tmed.gov.bd.

নং- ৫৭.০০.০০০০.০০১.০১৮.০০১.১৭-২০৬

তারিখঃ ১৩ ফাল্গুন, ১৪২৫ / ২৫ ফেব্রুয়ারি, ২০১৯

**বিষয়ঃ ২০১৮-২০১৯ অর্থবছরে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে এম.ফিল. ও পি.এইচ.ডি. কোর্সে ফেলোশিপ ও বৃত্তি প্রদানের আবেদন আহবান**

সূত্রঃ প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের স্মারক নং-৩৭.২৪.০৪.০০০০.১২৭.১৪১.১৯-৫০৬২; তারিখ: ০৫ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট হতে প্রাপ্ত ফেলোশিপ বিজ্ঞপ্তটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) পাতা।

২৫/০২/২০১৯


(এ. কে. এম. লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব (প্র. ও অর্থ)
☎: ৪১০৫০১২৮
lutfor.sasict2@gmail.com


**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (সকল),কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. উপসচিব (সকল),কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
৫. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
৬. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৭. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।
৮. পরিচালক (যুগ্মসচিব), জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
৯. অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), বোর্ড বাজার, গাজীপুর।
১০. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল),কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

**অনুলিপিঃ**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা **[বিজ্ঞপ্তিটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।**
৩. যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmedutrust.gov.bd: ফ্যাক্স: ০২-৮১৯১০১৯

নং-৩৭.২৪.০৪.০০০০.১২৭.১৪১.১৯-৫০৬২

তারিখ: ২৩ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ
০৫ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিষ্টাব্দ

# ফেলোশিপ বিজ্ঞপ্তি

**বিষয়: ২০১৮-১৯ অর্থবছরে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে এম.ফিল. ও পিএইচ.ডি. কোর্সে ফেলোশিপ ও বৃত্তি প্রদানের আবেদন আহ্বান।**

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন **প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট** এর আওতায় উচ্চতর শিক্ষায় (এম.ফিল. ও পিএইচ.ডি.) ফেলোশিপ ও বৃত্তি প্রদানের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদরে নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত ও নীতিমালা অনুযায়ী নির্ধারিত ফরমে নির্দেশক্রমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক) গবেষণার অধিক্ষেত্র

| ক্রমিক | গবেষণার অধিক্ষেত্র |
|---|---|
| ১. | সামাজিক বিজ্ঞান (Social Science) |
| ২. | জীবন সম্পর্কিত বিজ্ঞান (Life Science) |
| ৩. | ভৌত বিজ্ঞান (Physical Science) |
| ৪. | সমুদ্র বিজ্ঞান (Marine Science) |
| ৫. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (Information and Communications Technology) |
| ৬. | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (Sustainable Development Goals, SDGs) |
| ৭. | কলা, মানবিক, বাণিজ্য ও আইন (Arts, Humanities, Commerce and Law) |
| ৮. | জলবায়ু, বন ও পরিবেশ বিজ্ঞান (Climate, Forest and Environmental Science) |
| ৯. | শিক্ষা ও উন্নয়ন (Education and Development) |

খ) আবেদনের নিয়ম ও শর্তাবলি

১. ২০১৮-১৯ অর্থবছরে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে এম.ফিল. ও পিএইচ.ডি. কোর্সে ফেলোশিপ ও বৃত্তি প্রদান নীতিমালায় বর্ণিত শর্ত, যোগ্যতা এবং অন্যান্য বিষয়াদি অনুসরণপূর্বক গবেষককে আবেদন করতে হবে। এ সংক্রান্ত নীতিমালা/আবেদনপত্রের ফরম **প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট** এর ওয়েবসাইট **www.pmedutrust.gov.bd** এ পাওয়া যাবে।

২. এম.ফিল. ও পিএইচ.ডি. কোর্সে ফেলোশিপ ও বৃত্তি প্রদান নীতিমালায় বর্ণিত সকল শর্ত, যোগ্যতা এবং অন্যান্য বিষয়াদি অনুসরণপূর্বক যোগ্যতাসম্পন্ন প্রার্থীরা আবেদন করতে পারবেন। আবেদপত্রের সাথে জাতীয় পরিচয়পত্রের কপি সংযুক্ত করতে হবে।

৩. আবেদনকারীকে সোনালী ব্যাংকের যেকোনো শাখা থেকে ৫০০/- টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট 'এম.ফিল. ও পিএইচ.ডি. গবেষণা তহবিল, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট'-এর নামে বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ বরাবর প্রেরণ করতে হবে এবং ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর কপি আবেদপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৪. নীতিমালা ও শর্ত অনুযায়ী যোগ্যতাসম্পন্ন প্রার্থীর আবেদনই বৈধ বলে বিবেচিত হবে। পূরণকৃত আবেদন ফরম এবং পে অর্ডার/ব্যাংক ড্রাফট এর কপি আগামী ১৪ মার্চ, ২০১৯ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে **ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯** বরাবর রেজিস্টার্ড ডাকযোগে বা সরাসরি পৌছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচনা করা হবে না।

৫. প্রার্থীগণ স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের মাধ্যমে (অথবা বিভাগীয় প্রধানের মাধ্যমে) আবেদন করতে পারবেন এবং সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করবেন।

৬. কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন/পরিবর্ধন এবং যে কোন ফেলোর আবেদন বিবেচনা/বাতিলের নিরঙ্কুশ ক্ষমতা সংরক্ষণ করেন।

০৫/০২/১৯
মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
ফোন: ০২-৯১২২৫২৪
ই-মেইল: ad.planning@pmedutrust.gov.bd